# নভেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ আব্দুর রাজ্জাক<br>ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>কাউনিয়া, রংপুর। |
| তারিখ | : ৩০/১১/২০২৩খ্রি.। |
| সময় : | : দুপুর ১২:০০ ঘটিকা । |
| স্থান | : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ । |
| আলোচ্য মাস: | : অক্টোবর/২০২৩খ্রি. । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটির মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর সভায় গত ২৬/১০/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, চেয়ারম্যান উপজেলা পরিষদ,কাউনিয়া, রংপুর অসুস্থতা জনিত কারণে সিঙ্গাপুর চিকিৎসাধীন রয়েছে।তাঁর দ্রুত সুস্থতার জন্য সভায় উপস্থিত সকলে আল্লার নিকট দোয়া কামনা করা হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্রমিক | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলায় ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে প্রতি ২ মাস অন্তর ১টি করে সভা আহবান করার বিধান রয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে কোন তথ্য পাওয়া যায় না। তিনি নিয়মিত স্থায়ী কমিটির সভা করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে অনুরোধ করেন। | স্থায়ী কমিটির সভা নিয়মিত করে সংশ্লিষ্ট সকলকে সভায় কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ করেন। | স্থায়ী কমিটি সংশ্লিষ্ট সকল বিভাগ । |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। কোন ইউপি থেকে সভার কার্যবিবরণী পাওয়া না যাওয়ায় উপজেলা নির্বাহী অফিসার দুঃখ প্রকাশ করেন। তিনি ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী নির্বাহী অফিসারের কার্যালয়ে পেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

বিভাগ ভিত্তিক আলোচনা :

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্রমিক | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | অক্টোবর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র দাখিল না করায় তাঁর বিভাগের অগ্রগতি কিছু জানা গেল না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | অক্টোবর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | রবি মৌসুমের বিভিন্ন ফসলের প্রনোদনা বিতরন কার্যক্রম চলমান। উপজেলায় সার সরবরাহ সুষ্ঠুভাবে বিতরণ চলছে। সার নিয়ে কোন সমস্যা বর্তমানে নেই। ২য় তরমুজ ও মিষ্টি কুমড়া প্রনোদনা প্রদানের কার্যক্রম চলমান। ৪০ জন তরমুজ ও ১০০ জন মিষ্টিকুমড়া চাষীকে উপকরন বিতরন করা হয়েছে।পরবর্তীতে আরো ৪০ জন তরমুজ ও ১০০ জন মিষ্টিকুমড়া চাষীকে উপকরন বিতরনের জন্য প্রকল্প দাখিল করা হয়েছে। ১ম ধাপে ৭,৫০,০০০/- টাকার উপকরন দেয়া হয়েছে। ২য় ধাপে ৭,৫০,০০০/- টাকার উপকরন দেয়া হবে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো | উপজেলা কৃষি অফিসার কাউনিয়া, রংপুর। |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | অক্টোবর ২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন যে, ভ্যাকসিন কার্যক্রম ঘাসচাষ, গবাদিপ্রাণী ও হাঁস-মুরগীর চিকিৎসা কার্যক্রম,উঠান বৈঠক ও খামারি প্রশিক্ষণ কাজ চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | সেপ্টেম্বর ২০২৩ খ্রি. মাসের অগ্রগতি আলোচনা | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, ১২ অক্টোবর ২০২৩ তারিখ হতে ০২ নভেম্বর ২০২৩ পর্যন্ত দেশব্যাপী মা ইলিশ সংরক্ষন অভিযান এ উপজেলা সফল ভাবে বাস্তবায়িত হয়েছে। নভেম্বর ২০২৩ হতে মৎস্য চাষীদের প্রশিক্ষণ প্রদান শুরু হবে। এছাড়া মৎস্য সংরক্ষন আইন মোতাবেক বাস্তবায়িত হচ্ছে।এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে। উল্লেখ্য এ মাসে ৩২টি অবৈধ চায়না রিংজাল জব্দ করে পুড়িয়ে বিনিষ্ট করা হয়। আলাপুলা উপজেলার মানাস নদী থেকে জব্দ করা হয়। | অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

| | | | |
|---|---|---|---|
| ৫. | অক্টোবর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | (নিচের সারণি ও বিবরণ) | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর। |

| মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | দীর্ঘমেয়াদী পদ্ধতি | | স্থায়ী পদ্ধতি | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | খাবার বড়ি | কনডম | ইনজেকটেবলস | IUD | ইমপ্লানন | পুরুষ | মহিলা | |
| অক্টোবর/২০২৩ | ৭৭৮ | ৮৯ | ৬৩৫ | ০৪ | ৬১ | ০১ | ০৯ | ১৫৭৭ |

১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, প্রতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ

E:\Akmol\Upazila Rejulation\UPAZILA REJU-1.doc

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়। ইতিমধ্যে ৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষণ প্রক্রিয়াকে ওপারলেস ঘোষণা করা হয়েছে।<br>২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষণ প্রক্রিয়াকে ওপারলেস ঘোষনা করা হয়েছে।<br>৩।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমূলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-FPI,FWV ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।<br>৫। উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৪ জন।<br>৬।বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। | | |
| | | ৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ | | |
| ৬ | সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকৌশলী জানান যে, নদীগঞ্জ টেপামধুপুর রোড আইডি-১৮৫৪৪২২০০৩)সড়কের ১৩০ মিটার ও ৮৩০০ মিটার চেইনের ব্রীজ ০২টি অপসারন করে নতুন ব্রীজ নির্মাণ করা হবে। ব্রীজ নির্মানের জন্য জরুরী ভিত্তিতে কিছু গাছ অপসারণ করা প্রয়োজন। গাছ সমূহ কর্তন করে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর নিকট জমা রাখা যেতে পারে। অন্যথায় এই শুষ্ক মৌসুমে কাজ করা সম্ভব হবে না। | সভায় আলোচনান্তে ব্রীজ নির্মানের জন্য জরুরী ভিত্তিতেকিছু গাছ অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বন বিভাগকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, ও বন বিভাগ কাউনিয়া, রংপুর। |
| | | ৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ | | |
| ৭ | অক্টোবর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, সারা দেশের ন্যায় অত্র উপজেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরিক্ষা শেষ হয়েছে। ২০২৪ সালের বিনা মুল্যে বিতরনের জন্য পাঠ্যপুস্তক অত্র উপজেলায় মাধ্যমিক ও দাখিল পর্যায়ে ৬ষ্ট ও ৭ম শ্রেনীর ও এবতেদায়ী পর্যায়ে ১ম ৪র্থ ও ৫ম শ্রেনীর পাঠ্যপুস্তক এসেছে এবং উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে বিতরণ শুরু হয়েছে। আগামী ৩১ ডিসেম্বর/২৩ এর মধ্যে সকল পাঠ্যপুস্তক প্রতিষ্ঠান পর্যায়ে সরবরাহ করা সম্ভব হবে।এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্টভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |
| | | ৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ | | |
| ৮ | অক্টোবর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, চলতি মাসে প্রাথমিক বিদ্যালয় পর্যায়ের বার্ষিক পরীক্ষা গ্রহণ সম্পূন্ন হয়েছে। আগামী ২০/১২/২০২৩খ্রি. তারিখের এর মধ্যে ২০২৪ সালের পাঠ্যপুস্তক উপজেলার প্রতিটি বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দেয়া হবে। কাব হলিডে উদযাপন হবে আগামী ০৭/১২/২০২৩ তারিখ। ৫০টি বিদ্যালয়ের ৫০টি দল এ কার্যক্রমে অংশ গ্রহন করবে। এতে ৩০০ জন কাব শিশু অংশ গ্রহন করবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |
| | | ৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ : | | |
| ০৯. | সেপ্টেম্বর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পুর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজ সেবা অফিসার ,কাউনিয়া, রংপুর। |
| | | ১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ | | |
| ১০. | সেপ্টেম্বর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পুর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |
| | | ১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ | | |
| ১১ | সেপ্টেম্বর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পুর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |
| | | ১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ | | |
| ১২ | অক্টোবর /২০২৩ খ্রি.মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর /২০২৩ ইং পর্যন্ত ৯০জন যুবক/যুব মহিলাকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। এ ছাড়া ২০জন যুবক/যুব মহিলাকে বায়োগ্যাস প্লান্ট স্থাপন বিষয়ক প্রশিক্ষন দেয়া হয়েছে। তিনি আরো জানান যে যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের অধীনে যুব কল্যান তহবিল অনুদান গ্রহনের আবেদন পত্র আহবান করা হয়েছে।<br>তিনি এ বিষয়ে সম্মানিত সকল চেয়ারম্যানগনের কাছে বিষয়টি তুলে ধরেন এবং<br>স্ব-স্ব ইউনিয়নের যুব সংগঠনকে আবেদন অনলাইনে করার জন্য অবগত করার জন্য অনুরোধ জানান। | আগামী সভার পুর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |
| | | ১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : | | |
| ১৩। | অক্টোবর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সুষ্টুভাবে চলছে। সুফলভোগী সদ্যসদের সঞ্চয় আদায় ঋণ বিতরণ ও আদায় চলমান রয়েছে। অ-প্রধান শস্য প্রকল্পের সুফলভোগী ৩০ জন সদস্যের মসলা,তেল ও ডাল জাতীয় শস্য উৎপাদন ও বাজারজাত করণ এর প্রশিক্ষন সম্পন্ন হয়েছে। কিশোরীদের সচেতনমূলক প্রশিক্ষন, প্রশিক্ষন সামগ্রী বিতরণ ও সঞ্চয় জমা চলমান রয়েছে। | আগামী সভার পুর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |
| | | ১৪. উপজেলা সমবায় বিভাগঃ | | |
| ১৪. | সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পুর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |
| | | ১৫. বন বিভাগ : : | | |
| ১৫. | অক্টোবর /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা,বনবিভাগ কাউনিয়া,রংপুর সভায় জানান যে এফ এস পি প্রকল্পের আওতায় কাউনিয়া উপজেলায় কুর্শা ইউনিয়নের গদাধর জামে মসজিদ হতে সিংগেরকুড়া চাউলিটারি মোকলেছার বাড়ী পর্যন্ত ২০০১-০২ সনে ২.০ কি:মি: এবং ২০০২-০৩ সনে চান্দঘাট হতে বাহাগিলি আমতলা পর্যন্ত ৪.০ কি:মি: এবং ২০০৪-০৫ সনে বে-সরকারী কৃষি কলেজ হতে | আগামী সভার পুর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বড়ুয়ারহাট হইয়া মিয়াপাড়া মশিউর এর বাড়ী পর্যন্ত ৪.০সিঃকিঃমিঃ সংযোগ সড়ক স্ট্রীপ বাগান সমূহের আবর্তকাল অনেক আগেই শেষ হয়েছে। উক্ত বাগান দুইটির পার্শে বসতবাড়ী হাট-বাজার থাকায় ঝড় বাতাসে জান মালের ক্ষতি হতে পারে, তাই রংপুর সামাজিক বিভাগীয় বন বিভাগ কর্তৃক দর পত্রের মাধ্যমে নীলামে বিক্রয় করতঃ উপকার ভোগী পক্ষগণের নিকট বিভাগীয় কর্মকর্তা, রংপুর কর্তৃক বিধি মোতাবেক লভাংশ প্রদান ও উক্ত বাগানে স্থান পর্যাপ্ত সাপেক্ষে পূনঃবনায়ন করা যেতে পারে। প্রস্তাব মতে আলোচনান্তে উক্ত বাগানের গাছ সমূহ ভূমি মালিক সংস্থা সহ বনবিভাগ যৌথ মার্কিং ও পরিমাপ করিয়া বিভাগীয় বন কর্মকর্তা,রংপুর জেলা পরিবেশ ও বন কমিটির সুপারিশ সাপেক্ষে দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয় করত উপকার ভোগী পক্ষগনের নিকট বিভাগীয় কর্মকর্তা, রংপুর কর্তৃক বিধি মোতাবেক লভ্যাংশ বন্টনের ব্যবস্থা করিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। আরও জনান যে ২০২৩-২৪ সনে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের নিকট হতে প্রাপ্ত তালিকানুযায়ী ২৫০০টি চারা বিনামুলে বিতরণ করা হয়। বিভাগীয় অনান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | | |

১৬.জনস্বাস্থ্য বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপ-সহকারী প্রকৌশল জনসাস্থ্য (অতিঃদাঃ)সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম বিষয়ে জানা সম্ভব হলো না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপ-প্রকৌশল জনস্বাস্থ্য কাউনিয়া, রংপুর। |

১৭. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি ঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| | সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম কাউনিয়া পল্লীবিদ্যুৎ সমিতি-২, রংপুর। |

১৮. আনসার ভিডিপি বিভাগঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, বর্তমানে বিরোধী দলের ডাকা হরতাল অবরোধ আইন-শৃংখলা রক্ষা নিয়ন্ত্রণে ৩১ অক্টোবর হতে অদ্যাবধি ০৪টি গুরুত্বপূর্ন পয়েন্ট কাউনিয়া রেলষ্টেশনে, হলদিবাড়ী রেলক্রসিং,মীরবাগ রেল লাইন ও কাউনিয়া পল্লী বিদ্যুৎ অফিসের সামনে ৩৬জন আনসার সদস্য দায়িত্বে নিয়োজিত আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজক্রম সুষ্টুভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ভিডিপি অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৯. তথ্য আপা তথ্য সেবা :-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | সেপ্টেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | তথ্য আপাঃ তথ্যসেবা কর্মকর্তা সভায় বলেন যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়ধীন তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়ে)এর তথ্যকেন্দ্র,কাউনিয়া রংপুরে সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা তথ্য কেন্দ্র,সেবা কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**বিবিধ বিষয়:**

উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ১৪২৯ ও ১৪৩০ বাংলাসনে উপজেলার হাট-বাজার উন্নয়ন(১০%) প্রকল্প গ্রহণের জন্য উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গত-১৬/১১/২০২৩খ্রি. তারিখে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ বিভাজন করে অনুমোদনের সুপারিশ করেছেন। সভায় অনুমোদনের জন্য পেশ করেন।

১৪২৯ বাংলা সনের প্রকল্প সমূহ :

| ক্রঃনং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | টাকার পরিমান | বাস্তবায়নের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | সারাই | - | - | - | কোন প্রকল্প নেই। |
| ২। | হারাগাছ ইউনিয়ন | হারাগাছ ইউনিয়নের খানসামা হাট হইতে হারাগাছ ইউনিয়নের স্বাস্থ্যকমপ্লেক্স সামনের রাস্তা কার্পেটিং করণ। | ১০,০০,০০০/- | আরএফকিউ মাধ্যমে | - |
| ৩। | কুর্শা ইউনিয়ন | ভুছাড়া(মীরবাগ)হাটের ড্রেণ নির্মাণ প্রকল্প | ২,৫০,০০০/- | আরএফকিউ মাধ্যমে | ইতোমধ্যে প্রকল্প অগ্রিম প্রকল্প গৃহীত হয়েছে। |
| ৪। | শহীদবাগ ইউনিয়ন | - | - | - | কোন প্রকল্প নেই |
| ৫। | বালাপাড়া ইউনিয়ন | তকিপল হাটের চন্দনের দোকান হতে খাসির মাংশের দোকানের সামন দিয়ে নয়া মিয়ার দোকানের সামনে দক্ষিণে মূল ড্রেণ পর্যন্ত পানি নিষ্কাশন জন্য স্রাব সংযোগ ড্রেণ | ৩,৩৯,০০০/- | আরএফকিউ মাধ্যমে | - |
| | ঐ | কালির হাটে সেড ঘর নির্মাণ | ৩,১১,০০০/- | ঐ | - |
| | | মোট= | ৬,৫০,০০০/- | | - |
| ৬। | মধুপুর ইউনিয়ন | ভায়ারহাটে লতিফের দোকান হতে বাঁধ পর্যন্ত রাস্তা আরসিসি করণ প্রকল্প(সংশোধনী)করা হলো। | ৬,৯৭,০০০/- | আরএফকিউ মাধ্যমে | - |
| | ঐ | ভায়ারহাট পাকা রাস্তা হইতে মনতাজের বাড়ী সামনে দিয়া ভায়ারহাট বাজার রাস্তা আরসিসি করণ । | ৫,২৩,০০০/- | ঐ | - |
| | ঐ | জামতলা হাটে দূর্গা মন্দির হইতে পূর্ব পার্শ্বের রাস্তা পর্যন্ত পানি নিষ্কাশন জন্য ড্রেণ নির্মাণ নির্মাণ । | ২,০০,০০০/- | পিআইসি কমিটি | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | জামতলা হাট হইতে জামতলা শাহী জামে মসজিদ পর্যন্ত রাস্তা আরসিসি করণ | ২,০০,০০০/- | ঐ | - |
| | | ভায়ারহাট বিশু দ্ধ পানির জন্য নলকূপ স্থাপন ওগোড়া পাকা করণ | ২,০০,০০০/- | ঐ | - |
| | | মোট= | ১৮,২০,০০০/- | | |

সর্বমোট= টাকার পরিমান=৩৭,২০,০০০/-

১৪৩০ বাংলা সনের প্রকল্প সমূহ :

| ক্রঃনং | ইউনিয়ন | প্রকল্পের নাম | টাকার পরিমান | বাস্তবায়নের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | সারাই ইউনিয়ন | ধুমেরকুঠি জয়বাংলা হাট-বাজারের প্রাচীর নির্মাণ ও পাকাবেঞ্চ নির্মাণ। | ১০,০০,০০০/- | আরএফ কিউ | |
| | | মোট= | ১০,০০,০০০/- | | |
| ২। | হারাগাছ ইউনিয়ন | হারাগাছ ইউনিয়নের খানসামা হাটগামী বকুলতলা বসুনীয়াটারী মসজিদ সংলগ্ন রাস্তায় গাইড ওয়াল নির্মাণ। | ৩,০০,০০০/- | আরএফ কিউ | - |
| | | খানসামা হাটের অফিস ও কমিউনিটি সেন্টারের আসবাবপত্র ক্রয়। | ২,০০,০০০/- | | |
| | | মোট= | ৫,০০,০০০/- | | |
| ৩। | কুর্শা ইউনিয়ন | ভূতছাড়া হাটের শ্যামলের দোকান থেকে বাশারের দোকানের সামনে দিয়ে মীরবাগ হারাগাছ রোড পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ড্রেনসহ (দৈঘ্যঃআনুমানিকঃ৫০ মিটার)রাস্তা পাকা করণ | ৭,০০,০০০/- | আরএফ কিউ | - |
| | | মোট= | ৭,০০,০০০/- | | |
| ৪। | শহীদবাগ ইউনিয়ন | বেইলীব্রীজ খামারের হাটের ড্রেনের পশ্চিম মাথা বর্ধিত করণ এবং ড্রেনের বাহিরে আরকে রোর্ডের মুড়ি পর্যন্ত উচু করণ । | ৮,০০,০০০/- | আরএফ কিউ | - |
| | | মোট= | ৮,০০,০০০/- | | |
| ৫। | বালাপাড়া ইউনিয়ন | তকিপল হাটে ৪টি নলকূপ স্থাপন । | ৮৫,৭৫০/- | আরএফ কিউ | - |
| | | তকিপল হাটের বিভিন্ন সেড ঘরের চালের টিন পরিবর্তন। | ২,৩৫,০০০/- | | |
| | | মোফাজ্জল স্কুলের সামনে ড্রেণ নির্মাণ | ১,৮০,০০০/- | | |
| | | মোট= | ৫,০০,৭৫০/- | | |
| ৬। | টেপামধুপুর ইউনিয়ন | ভায়ারহাট লতিফের দোকান হইতে বাধের রাস্তা পর্যন্ত রাস্তা (অসমাপ্ত কাজ সমাপ্ত করণ আরসিসি করন। | ৩,০৩,০০০/- | আরএফ কিউ | - |
| | | মোট= | ৩,০৩,০০০/- | | |

সর্ব মোট=৩৮,০৩,৭৫০/-

সভায় উপস্থাপনকৃত প্রকল্পসমূহ বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলী প্রাক্কলণ প্রস্তুতপূর্বক আরএফকিউ কোটেশনের মাধ্যমে প্রকল্পগুলি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কাউনিয়া, রংপুর ও সভাপতি উপজেলা পরিষদ জনাব আনোয়ারুল ইসলাম, অসুস্থতার কারণে সিঙ্গাপুরে চিকিৎসাধীন থাকায় অদ্যকার সভায় সভাপতির দায়িত্বে জনাব মোঃ আব্দুর রাজ্জাক, ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা কাউনিয়া,রংপুর অদ্যকার সভায় আলোচ্য বিষয় উপর আলোচনা করেন। আলোচ্য বিষয়ের উপর সর্বাত্বক গুরুত্ব দেয়ার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাগণকে দিক নির্দেশনা প্রদান করেন। সরকারী বিধি-বিধান অনুসরণ করে উন্নয়ন মূলক কর্মকান্ডে সকল জনপ্রতিনিধি বিভাগীয় কর্মকর্তাকে একসাথে আলোচনার মাধ্যমে কাজ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া সকল জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণকে উন্নয়নমূলক কার্যক্রম সমূহ উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন)বিধিমালা আলোকে কার্যক্রম পরিচালনার জন্য সকলকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুর রাজ্জাক)
ভাইস চেয়ারম্যান(প্যানেল)
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৩- ১০৮৯/৯ তারিখঃ ২৪/১২/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ........................................................................................ (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ...............................................................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

MHaque 24/12/23

(মো: মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd

24/12/23

E:\Akmol\Upzilla Rejulation\UPAZILA REJU-1.doc